# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ২১১/২০১৭-১৮**

**ঢাকা, শনিবার, ২৮ এপ্রিল ২০১৮, ১৫ বৈশাখ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। 'গ্লোবাল উইমেনস লিডারশিপ অ্যাওয়ার্ড' পেলেন প্রধানমন্ত্রী
এ পুরস্কার বিশ্বের নারীদের উৎসর্গ করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

২। মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখুন : অস্ট্রেলিয়ার পররাষ্ট্রমন্ত্রীর সাথে বৈঠকে প্রধানমন্ত্রী

৩। প্রধানমন্ত্রীর সাথে ভিয়েতনামের ভাইস প্রেসিডেন্টের সাক্ষাৎ
নিরাপত্তা পরিষদের সদস্য হতে বাংলাদেশের সহযোগিতা প্রত্যাশা ভিয়েতনামের

৪। পদ্মা সেতুর রেলসংযোগ প্রকল্পের অর্থায়নে চীনের সঙ্গে ২৬৬ কোটি ডলারের ঋণচুক্তি স্বাক্ষর

৫। বেগম খালেদা জিয়াকে যথাযথ চিকিৎসাসেবা দেয়া হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী

৬। পাকিস্তানপন্থাকে পরাজিত করার চূড়ান্ত লড়াইয়ে ঐক্যবদ্ধ হওয়ার সময় এখন : তথ্যমন্ত্রী

৭। নারীকর্মীদের হয়রানি হলে ব্যবস্থা নেওয়া হবে : প্রবাসীকল্যাণ মন্ত্রী

৮। চাকরি হিসেবে নয়, দায়িত্বশীল শিক্ষক হিসেবে পাঠদান করতে হবে : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী

৯। আজ পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস

১০। জাতীয় আইনগত সহায়তা দিবস আজ

চলমান পাতা-২

**১। 'গ্লোবাল উইমেনস লিডারশিপ অ্যাওয়ার্ড' পেলেন প্রধানমন্ত্রী**
**এ পুরস্কার বিশ্বের নারীদের উৎসর্গ করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'গ্লোবাল উইমেনস লিডারশিপ অ্যাওয়ার্ড' পুরস্কার পেয়েছেন। গতকাল (২৭ এপ্রিল শুক্রবার) স্থানীয় সময় সন্ধ্যায় সিডনির ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে নারী নেতৃত্বের সফলতার স্বীকৃতি হিসেবে তাঁর হাতে এ পুরস্কার তুলে দেওয়া হয়। পুরস্কার গ্রহণের পর প্রধানমন্ত্রী নারীর ক্ষমতা কাজে লাগাতে এবং তাদের সহযোগিতা ও অধিকার তুলে ধরতে একটি নতুন বৈশ্বিক জোট গঠনের আহ্বান জানিয়ে বলেন, 'গ্লোবাল উইমেনস লিডারশিপ অ্যাওয়ার্ড পেয়ে আমি খুবই আনন্দিত এবং সম্মানিতবোধ করছি। আমি বিশ্বের নারীদের এ পুরস্কার উৎসর্গ করছি, যারা নারীর ক্ষমতায়নের জন্য কাজ করছেন।' অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী ম্যালকম টার্নবুলের আমন্ত্রণে উইমেনস লিডারশিপ অ্যাওয়ার্ড নিতে তিনদিনের সফরে সিডনি অবস্থান করছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা চার দফা প্রস্তাব তুলে ধরেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৫)। **সংবাদ সমকাল, যুগান্তর, ইত্তেফাক, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, নিউজ টুডে**সহ অধিকাংশ দৈনিক পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২। মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখুন : অস্ট্রেলিয়ার পররাষ্ট্রমন্ত্রীর সাথে বৈঠকে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গা সমস্যার সমাধানে মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখার পাশাপাশি বাংলাদেশে অবস্থানরত রোহিঙ্গাদের মানবিক সাহায্য প্রদানের জন্য অস্ট্রেলিয়ার প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (২৭ এপ্রিল শুক্রবার) প্রধানমন্ত্রীর সঙ্গে অস্ট্রেলিয়ার পররাষ্ট্রমন্ত্রী জুলি বিশপ তাঁর হোটেল কক্ষে এক সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

**৩। প্রধানমন্ত্রীর সাথে ভিয়েতনামের ভাইস প্রেসিডেন্টের সাক্ষাৎ**
**নিরাপত্তা পরিষদের সদস্য হতে বাংলাদেশের সহযোগিতা প্রত্যাশা ভিয়েতনামের**

ভিয়েতনাম ২০২০-২০২১ মেয়াদে জাতিসংঘ নিরাপত্তা পরিষদে (ইউএনএসসি) সদস্য পদে প্রার্থিতার পক্ষে বাংলাদেশের সমর্থন প্রত্যাশা করেছে। গতকাল (২৭ এপ্রিল শুক্রবার) ভিয়েতনামের ভাইস প্রেসিডেন্ট ড্যান থাই নাগক থিন প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর হোটেল কক্ষে সৌজন্য সাক্ষাৎকালে এ প্রত্যাশা ব্যক্ত করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং ভাইস প্রেসিডেন্ট ড্যান থাই নাগক থিন- দু'জনেই 'গ্লোবাল সামিট অব উইমেন' সম্মেলনে যোগ দিতে বর্তমানে অস্ট্রেলিয়ায় অবস্থান করছেন। ড্যান থাই নাগক থিন বলেন, বাংলাদেশের সঙ্গে তাঁর দেশের কর্মকাণ্ড এবং ব্যবসা-বাণিজ্য উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে এবং এটি ভবিষ্যতে আরো শক্তিশালী হওয়া প্রয়োজন। এ সময় তিনি ঢাকা এবং নমপেনের মধ্যে সরাসরি বিমান যোগাযোগ স্থাপনেও আগ্রহ ব্যক্ত করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭)।

**৪। পদ্মা সেতুর রেলসংযোগ প্রকল্পের অর্থায়নে চীনের সঙ্গে ২৬৬ কোটি ডলারের ঋণচুক্তি স্বাক্ষর**

পদ্মা সেতুর রেলসংযোগ প্রকল্পের অর্থায়নে চীনের এক্সিম ব্যাংকের সঙ্গে চূড়ান্ত ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। গতকাল (২৭ এপ্রিল শুক্রবার) চীনের স্থানীয় সময় সকাল সাড়ে ১০টায় বেইজিংয়ের এক্সিম ব্যাংকের কার্যালয়ে এ চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তিতে বাংলাদেশের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) অতিরিক্ত সচিব মো. জাহিদুল হক ও চায়না এক্সিম ব্যাংকের ভাইস প্রেসিডেন্ট সুন পিং স্বাক্ষর করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৮)।

**৫। বেগম খালেদা জিয়াকে যথাযথ চিকিৎসাসেবা দেয়া হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, বিএনপি নেত্রী বেগম খালেদা জিয়ার যথাযথ চিকিৎসাসেবা কারাগারে দেওয়া হচ্ছে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী তাঁর সব পরীক্ষা-নিরীক্ষা করানো হয়েছে। একজন সাবেক প্রধানমন্ত্রী হিসেবে তাঁকে যথাযথ মর্যাদার সঙ্গে চিকিৎসাসেবা দেওয়া হচ্ছে। জেলকোড অনুযায়ী তিনি সকল সুযোগ-সুবিধা পাচ্ছেন। তবে বেসরকারি হাসপাতালে চিকিৎসা করানোর সুযোগ নেই। একমাত্র আদালতই পারে এ ধরনের কোনো নির্দেশ দিতে। এর বাইরে সরকারের করণীয় কিছু থাকে না। গতকাল (২৭ এপ্রিল শুক্রবার) রাতে এক বিবৃতিতে তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১)।

**৬। পাকিস্তানপন্থাকে পরাজিত করার চূড়ান্ত লড়াইয়ে ঐক্যবদ্ধ হওয়ার সময় এখন : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, এখন মধ্যপন্থার সময় নয়। মধ্যপন্থা পরিহার করে পাকিস্তান পন্থাকে পরাজিত করার চূড়ান্ত লড়াইয়ে ঐক্যবদ্ধ হওয়ার সময় এখন। গতকাল (২৭ এপ্রিল শুক্রবার) রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে জাসদ কার্যালয়ের শহীদ কর্নেল তাহের মিলনায়তনে দু'দিনব্যাপী জাসদ জাতীয় কমিটির সভার উদ্বোধনকালে সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫)।

**৭। নারীকর্মীদের হয়রানি হলে ব্যবস্থা নেওয়া হবে : প্রবাসীকল্যাণ মন্ত্রী**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি বলেছেন, বিদেশে নারীকর্মীদের নিরাপদ অভিবাসন ও অধিকার নিশ্চিতে সরকার বদ্ধপরিকর এবং এক্ষেত্রে কোনো আপস করা হবে না। নারী কর্মীরা কোনো প্রতারণা বা হয়রানির শিকার হলে সঙ্গে সঙ্গে ব্যবস্থা গ্রহণ করা হবে। গত ২৬ এপ্রিল বৃহস্পতিবার ঢাকার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয় আয়োজিত 'টেকসই উন্নয়নে নিরাপদ নারী অভিবাসন' শীর্ষক কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.৫)।

**৮। চাকরি হিসেবে নয়, দায়িত্বশীল শিক্ষক হিসেবে পাঠদান করতে হবে : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী**

মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে যোগাযোগ ও সামাজিক উদ্বুদ্ধকরণ বিষয়ক কর্মশালা গতকাল (২৭ এপ্রিল শুক্রবার) বরিশাল নগরীর শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান এমপি উপস্থিত শিক্ষকদের উদ্দেশ্যে বলেন, শিক্ষা পেশাকে চাকরি হিসেবে নয়, দায়িত্বশীল শিক্ষক হিসেবে বিদ্যালয়ে পাঠদান করতে হবে। তিনি বিদ্যালয়গুলোতে মানসম্মত পাঠদানের নির্দেশনা দিয়ে বলেন, নিজস্ব মেধা ও শক্তি দিয়ে শিক্ষার্থীদের গড়ে তুলতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৭,ক.১), **সমকাল** (পৃ.৭,ক.৫)।

**৯। আজ পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস**

আজ ২৮ এপ্রিল জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস। এ বছর 'সুস্থ শ্রমিক, নিরাপদ জীবন-নিশ্চিত করে টেকসই উন্নয়ন' এ প্রতিপাদ্যকে সামনে রেখে বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে দিবসটি পালন করা হবে। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। দিবসটি উপলক্ষে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়সহ বিভিন্ন সংগঠন ও প্রতিষ্ঠান আলোচনা সভা, র‌্যালি, সভা সমাবেশসহ ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **নিউ নেশন** (পৃ.৩,ক.২)।

**১০। জাতীয় আইনগত সহায়তা দিবস আজ**

আজ ২৮ এপ্রিল, জাতীয় আইনগত সহায়তা দিবস। আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে অসমর্থ বিচারপ্রার্থীকে সরকারি আইনি সহায়তা কার্যক্রম সম্পর্কে সচেতন করে তুলতে সারাদেশে দিবসটি পালিত হচ্ছে। এবারের প্রতিপাদ্য হলো- 'উন্নয়ন আর আইনের শাসনে এগিয়ে চলছে দেশ, লিগ্যাল এইডের সুফল পাচ্ছে সারা বাংলাদেশ।' জাতীয় আইনগত সহায়তা দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৬), **নিউ নেশন** (শেষ পৃ.ক.২)।

**সম্পাদকীয়**

ক. **সমকাল :** অস্ট্রেলিয়ায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গা সংকটের ব্যাপারে যে আহ্বান জানিয়েছেন তাতে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীসহ আন্তর্জাতিক সম্প্রদায় সাড়া দেবেন বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **যুগান্তর :** রোহিঙ্গা সংকটের কার্যকর সমাধানের ব্যাপারে নিরাপত্তা পরিষদই উপযুক্ত কর্তৃপক্ষ হওয়ায় মিয়ানমারের বিরুদ্ধে নিরাপত্তা পরিষদের কঠোর পদক্ষেপ গ্রহণের প্রত্যাশা।

গ. **যায়যায়দিন :** জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে দায়িত্ব পালন করে জাতিসংঘসহ আন্তর্জাতিক সম্প্রদায়ের যে প্রশংসা বাংলাদেশ অর্জন করেছে তা তুলে ধরে সাফল্যের ধারা অব্যাহত থাকার প্রত্যাশা।

ঘ. **ইত্তেফাক :** দেশের ৩৩টি সরকারি হাইস্কুল ও ৩২৯টি কলেজে আট হাজারের বেশি শিক্ষকের পদ শূন্য থাকায় শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম ক্ষতিগ্রস্ত হওয়ায় শিক্ষক সংকট লাঘবে অতিদ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **সংবাদ :** ২২ জন প্রবাসী কর্মী বছরে যে রেমিটেন্স পাঠান বাংলাদেশে কর্মরত একজন বিদেশি নাগরিকই তার সমান অর্থ পান, প্রবাসী মন্ত্রণালয়ের প্রকাশিত এ তথ্য তুলে ধরে বাংলদেশে শিল্পের চাহিদা অনুযায়ী দক্ষজনশক্তি তৈরি করাসহ প্রকল্প বাস্তবায়নে দেশীয় লোকবল বাড়ানো জরুরি বলে অভিমত।

চ. **ডেইলি সান :** প্রতিদিন রাজধানীতে ডায়রিয়ায় আক্রান্ত হয়ে ৬৪০ জনের আইসিডিডিআর'বিতে চিকিৎসা নেওয়ার পরিপ্রেক্ষিতে ওয়াসাকে জরুরি ভিত্তিতে পানির সরবরাহ লাইনসহ বোতলজাত ও জারের পানি নিরাপদ করার ব্যবস্থা করার সুপারিশ।

ছ. **অবজারভার :** পরিবেশ দূষণের কারণে ঢাকা, সাভার, গাজীপুর ও জামালপুরে আট কারখানাকে পরিবেশ অধিদফতর কর্তৃক জরিমানা করার পরিপ্রেক্ষিতে পরিবেশ সুরক্ষায় এ ধরনের পদক্ষেপের সাফল্যের প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ।

#

শুকলা/মরজিনা/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা